গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট-১ শাখা

বিষয়ঃ বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব মোহাম্মদ শাহাদত হোসেন অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ	ঃ	০২-০১-২০২০খ্রি.
সভার সময়	ঃ	দুপুর ৩.০০ টা
সভার স্থান		মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভার উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-খ-তে সন্নিবেশ করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর আলোচ্যসূচি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট) ড. মোঃ এনামুল হককে অনুরোধ করেন। যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, ০৩-১২-২০১৯ তারিখে অর্থ বিভাগের ০৭.১০১.০২০.০০.০০.০১০.২০১৮-৫৪০ নম্বর স্মারকের মাধ্যমে বাজেট পরিপত্র-১ জারি করা হয়েছে। জারিকৃত পরিপত্রে মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যমেয়াদী বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ এবং মন্ত্রণালয়/বিভাগ ও অধিনস্থ অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষমাত্রা নির্ধারণের নির্দেশনা প্রদান করা হয়েছে। মধ্যমেয়াদী বাজেট কাঠামো অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২১-২২ হতে ২০২২-২০২৩ অর্থ বছরের প্রক্ষেপণ প্রদান করা হয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক ব্যয়সীমার বিভাজন ও প্রক্ষেপণ প্রস্তুত এবং দপ্তর/সংস্থার ব্যয়সীমা প্রস্তুতের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২১-২২ হতে ২০২২-২০২৩ অর্থ বছরের প্রক্ষেপণ সভায় উপস্হাপন করেন।

২। **বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা ও প্রস্তুত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। স্বাস্থ্য সেবা বিভাগের ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার খাত/কর্মসূচি প্রভৃতি বিষয় বিবেচনা করে প্রথম ভাগের এ অংশসমূহ পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। বাজেট কাঠামোর প্রথম ভাগ প্রণয়নে তিনি পরিকল্পনা অনুবিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বাজেট কাঠামোর অংশ ৬.১ থেকে ৬.৩ পর্যন্ত সচিবালয় এবং ৬.২ হতে ৬.৫.৩ সংশ্লিষ্ট দফতর/সংস্হা কর্তৃক যথাযথভাবে পূরণ করে সংযোজনী-৬ এ বিবৃত সময়ের মধ্যে বাজেট অধিশাখায় প্রেরণ করতে হবে। বাজেট কাঠামোর এই অংশটি পূরণ করে আগামী ১৫/০১/২০২০ তারিখর মধ্যে দাখিলের জন্য সকলকে অনুরোধ করা হয়।

৩। অর্থ বিভাগ হতে বাজেট পরিপত্র-১ এর মাধ্যমে নিম্নোক্তভাবে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২১-২২ হতে ২০২২-২০২৩ পর্যন্ত বাজেট প্রক্ষেপণ এবং মন্ত্রণালয় ও বিভাগসমূহের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ নির্ধারণ করা হয়েছেঃ

(ক) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রাঃ (অংকসমূহ কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	বিবরণ	বাজেট ২০১৯-২০	প্রস্তাবিত বাজেট ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২২	প্রক্ষেপণ ২০২২-২৩
১	২	৩	৪	৫	৬
১২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	৩৬৪.৩০	৪০০.৭৩	৪৪০.৮০	৪৪৮.৮৮

(খ) মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমাঃ (অংকসমূহ কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	বিবরণ	বাজেট ২০১৯-২০	প্রস্তাবিত বাজেট ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২২	প্রক্ষেপণ ২০২২-২৩
১	২	৩	৪	৫	৬
১২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	১৯৯৪৪.৩০	২১৭৪২.৯৩	২৩৯১৭.২৩	২৬৩০৮.৯৬

(গ) মন্ত্রণালয়/বিভাগসমূহের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ (অংকসমূহ কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড ১২৭	মন্ত্রণালয়/বিভাগের নাম	প্রকল্প সাহায্য ২০২০-২১
১২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	২৯৭০.৭৫

৪। **রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ নির্ধারণঃ** যুগ্মসচিব (বাজেট) সভাকে জানান যে, অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-১ অনুসরণ করে এ বিভাগের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার খসড়া বিভাজন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া বিভাজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্হাপিত খসড়া বিভাজন পরীক্ষা-নিরীক্ষা করে রাজস্ব প্রাপ্তির সম্ভাব্য চুড়ান্ত প্রাক্কলন নিম্নরুপ অনুমোদন করা হয়।

অপর পৃঃ দ্রঃ-২

(ক) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রাঃ

(অংকসমূহ কোটি টাকায়)

ক্রঃনং	প্রতিষ্ঠানের নাম	বাজেট ২০১৯-২০	প্রস্তাবিত বাজেট ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২২	প্রক্ষেপণ ২০২২-২৩
১	সচিবালয়	১৬.০৬	১৭.৬৬	১৯.৪৩	২১.৩৭
২	স্বাস্থ্য অধিদপ্তর	৩০৮.০০	৩৩৮.৮১	৩৭২.৬৯	৪০৯.৯৬
৩	ঔষধ প্রশাসন অধিদপ্তর	২৭.২৬	২৯.৯৮	৩২.৯৮	৩৬.২৮
৪	নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর	২.৩০	২.৫৩	২.৭৮	৩.০৬
৫	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	১০.৬৮	১১.৭৫	১২.৯২	১৪.২১
মোট		৩৬৪.৩০	৪০০.৭৩	৪৪০.৮০	৪৮৪.৮৮

(খ) মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমাঃ (বাজেট বই-এর প্রক্ষেপণ অনুযায়ী)

(অংকসমূহ কোটি টাকায়)

ক্রমঃ	বাজেট	প্রস্তাবিত বাজেট	প্রক্ষেপণ	
বাজেট	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩
পরিচালন	১০০০৭.৫০	১০৮১২.৪৫	১১৮৯৩.৭০	১৩০৮৩.০৭
উন্নয়ন	৯৯৩৬.৮০	১০৯৩০.৪৮	১২০২৩.৫৩	১৩২২৫.৮৯
মোট	১৯৯৪৪.৩০	২১৭৪২.৯৩	২৩৯১৭.২৩	২৬৩০৮.৯৬

৫। **স্বাস্থ্য সেবা বিভাগের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ (২০১৯-২০):**

২০১৯-২০ অর্থ বছরের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের সম্ভাব্য বৈদেশিক সহায়তা নিম্নরূপ।

(অংকসমূহ কোটি টাকায়)

বিভাগ কোড	মন্ত্রণালয়/বিভাগের নাম	প্রকল্প সাহায্য
১২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	২৫০০.০০

৬। ২০২০-২১ অর্থ বছরের পরিচালন বাজেট বিভাজন এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রক্ষেপণ অনুমোদন (সংলগ্নী-ক)।

৭। যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, আগামী ২০১৯-২০ অর্থ বছরের বাজেট এন্ট্রি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। এ জন্য সকল সংস্থাকে নির্ধারিত তারিখের মধ্যে বাজেট এন্ট্রির কার্যক্রম সম্পন্ন করার জন্য তিনি অনুরোধ করেন।

৮। সিদ্ধান্তঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের জন্য নিম্নেবর্ণিত সুপারিশসমূহ গৃহীত হয়ঃ

(ক) স্বাস্থ্য সেবা বিভাগের ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির সম্ভাব্য লক্ষ্যমাত্রা অনুমোদন।

(খ) স্বাস্থ্য সেবা বিভাগের ২০২০-২১ অর্থ বছরের প্রাক্কলন, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রক্ষেপণ অনুমোদন।

(গ) বাজেটের বর্ণনামূলক অংশ বা এমবিএফ আগামী ১৫/০১/২০২০ তারিখের মধ্যে হালনাগাদ করে বাজেট অনুবিভাগকে অবহিত করতে হবে। এমবিএফ অংশ পূরণের সময় অবশ্যই গত ৩ বছরের অর্জনের উল্লেখযোগ্য বিষয় উল্লেখ করতে হবে।

৯। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত

(মোহাম্মদ শাহাদত হোসেন)
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫..১৩৯.০২০.০০.০০.০০২.২০১৯/৩৯ তারিখঃ ০৮-০১-২০২০খ্রীঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

৮/০১/২০২০

(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, ন্যাশনাল ইলেক্ট্রো মেডিক্যাল ইকুইপমেন্ট মেইনটেনান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি)।
৭। ম্যানেজার, যানবাহন ও যন্ত্রপাতি সংরক্ষণ সংস্থা (টেমো), মহাখালী, ঢাকা।
৮। সিনিয়র সহকারী প্রধান, স্বাস্থ্য উইং, আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রণয়নের নিমিত্ত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব মোহাম্মদ শাহাদত হোসেন অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ	ঃ	০২-০১-২০২০খ্রি.
সভার সময়	ঃ	দুপুর ২.০০ টা
সভার স্থান		মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভার উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-ক-তে সন্নিবেশ করা হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট) ড. মোঃ এনামুল হককে আহবান জানান। যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, ১৯-১২-২০১৯ তারিখে অর্থ বিভাগের ০৭.১০১.০২০.০০.০০.০১০.২০১৯-৫৬৮ নম্বর স্মারকের মাধ্যমে বাজেট পরিপত্র জারি করা হয়েছে। বাজেট পরিপত্রের মাধ্যমে ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের নীতিমালা ও পদ্ধতি বর্ণনা করা হয়েছে। তিনি সভায় আরও উল্লেখ করেন যে, ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অবশ্যই চলতি অর্থ বছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। প্রয়োজন অনুযায়ী ব্যয়সীমার মধ্যেই আন্তঃখাত সমন্বয় মাধ্যমে সংশোধিত বাজেট প্রস্তুত করতে হবে। সভায় উপস্হাপিত রাজস্ব প্রাপ্তি ও বাজেট বিভাজন নিয়ে আলোচনা হয়। সভাপতি চলতি অর্থ বছরের সংশোধিত বাজেটের উপর আলোচনার জন্য উপস্হিত দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে অনুরোধ জানান।

১। পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, স্বাস্থ্য অধিদপ্তরের অধীন ৩৯তম বিসিএস এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে সহকারী সার্জন/ডেন্টাল সার্জনসহ মোট ৪,৬১১ জন কর্মকর্তা ৮/১২/২০১৯ তারিখে যোগদান করেছেন। উক্ত কর্মকর্তাদের বেতন ভাতা বাবদ ১৭৭,১০,৯২,০০০/- (একশত সাতাত্তর কোটি দশ লক্ষ বিরানব্বই হাজার) টাকা অতিরিক্ত প্রয়োজন।

২। ঔষধ প্রশাসন অধিদপ্তর এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ড্রাগ টেষ্টিং ল্যাবরেটরী ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অর্ন্তভূক্ত করার ফলে ক্যামিকেল ও আইটি ইকুপমেন্ট এর জন্য ১,২০,০০,০০০/- (এক কোটি বিশ লক্ষ) অতিরিক্ত অর্থ প্রয়োজন।

৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল সভাকে অবহিত করেন যে, অক্সিজেন সরবরাহের নতুন কোডসহ ৫,৪০,০০,০০০/- (পাঁচ কোটি চল্লিশ লক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

৪। পরিচালক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল সভাকে অবহিত করেন যে, এমএসআর খাতে ১৫,০০,০০,০০০/- (পনের কোটি) টাকা এবং ফানির্চার কোডে ৮,৫০,০০,০০০/- (আট কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

৫। পরিচালক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল সভাকে অবহিত করেন যে, শ্রান্তি বিনোদন, আউট সোর্সিং এবং আনসারদের বেতন ভাতা বাবদ ১,৭৫,০০,০০০/- (এক কোটি পচাত্তর লক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

৭। নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, প্রতিষ্ঠানটি সেবা পরিদপ্তর থেকে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরে রূপান্তরিত হওয়ার ফলে মহাপরিচালক প্রতিষ্ঠান প্রধান হিসাবে দায়িত্ব পালন করে আসছেন। তিনি উল্লেখ করেন যে, ২০১৮ সালের জুন মাসে বিভিন্ন পর্যায়ে মোট ৬২৩৩ জন নার্স ও মিডওয়াইফ নিয়োগ করা হয়েছে। উক্ত নার্স ও মিডওয়াইফদের বেতন ভাতা বাবদ অতিরিক্ত ৪৫৭,০৫,৭৪,০০০/- (চারশত সাতান্নন কোটি পাঁচ লক্ষ চুয়াত্তর হাজার) টাকা বরাদ্দ প্রয়োজন বলে তিনি জানান।

৮। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল সভাকে অবহিত করেন যে, চিকিৎসা ব্যবস্থা সম্প্রসারণের লক্ষ্যে বেতন-ভাতা, এমএসআর, পথ্য, ভারী যন্ত্রপাতিসহ বিভিন্ন খাতে ১৭,০০,০০,০০০/- (সতের কোটি) টাকা অতিরিক্ত প্রয়োজন।

অপর পৃঃ দ্রঃ-২

৯। দেশের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান/হাসপাতাল হতে প্রাপ্ত ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রস্তাব পর্যালোচনায় দেখা যায় যে, বেতন-ভাতা, ইউটিলিটি বিল, এমএসআর সামগ্রী ও ভারী যন্ত্রপাতি খাতে ২০০,০০,০০,০০০/- (দুইশত কোটি) টাকা অতিরিক্ত প্রয়োজন।

১০। যুগ্মসচিব (বাজেট) সভাকে আরও অবহিত করেন যে, বাংলাদেশ কুয়েত মৈত্রি সরকারি হাসপাতাল, উত্তরা নতুন কোড প্রদানসহ ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেটে ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা এবং ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী এন্ড রেফারেল সেন্টার, শেরে বাংলা নগর, ঢাকা রাজস্ব খাতে স্থানান্তরিত হওয়ায় বেতন-ভাতা ও আনুষাংগিক খাতসমূহে ১১,৭৭,১০,০০০/- (এগার কোটি সাতাত্তর লক্ষ দশ হাজার) টাকা বরাদ্দ প্রদান প্রয়োজন।

১১। অর্থ বিভাগের উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন চলতি অর্থ বছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে করতে হবে। তবে বেতন-ভাতা বাবদ কোন অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন হলে তা বিবেচনা করা হবে।

১২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত বিষয়সমূহ সুপারিশসহ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. স্বাস্থ্য অধিদপ্তরের অধীন ৩৯তম বিসিএস এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে সহকারী সার্জন/ডেন্টাল সার্জনসহ মোট ৪,৬১১ জন কর্মকর্তার বেতন ভাতা বাবদ ১৭৭,১০,৯২,০০০/- (একশত সাতাত্তর কোটি দশ লক্ষ বিরানব্বই হাজার) টাকা অতিরিক্ত প্রয়োজন;

খ. ২০১৮ সালের জুন মাসে বিভিন্ন পর্যায়ে যোগদানকৃত মোট ৬২৩৩ জন নার্স ও মিডওয়াইফ এর বেতন ভাতা বাবদ ৪৫৭,০৫,৭৪,০০০/- (চারশত সাতান্ন কোটি পাঁচ লক্ষ চুয়াত্তর হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন;

গ. বাংলাদেশ কুয়েত মৈত্রি সরকারি হাসপাতাল, উত্তরা নতুন প্রাতিষ্ঠানিক কোড প্রদানসহ ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেটে ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা এবং ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার, ঢাকার নতুন প্রাতিষ্ঠানিক কোডসহ বেতন-ভাতা ও আনুষাংগিক খাতসমূহে ১১,৭৭,১০,০০০/- (এগার কোটি সাতাত্তর লক্ষ দশ হাজার) টাকা বরাদ্দ প্রয়োজন।

ঘ. দেশের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান/হাসপাতাল হতে প্রাপ্ত ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত প্রস্তাব মোতাবেক বেতন-ভাতা, ইউটিলিটি বিল, এমএসআর সামগ্রী ও ভারী যন্ত্রপাতি খাতে অতিরিক্ত ২৫১,৯৮,০০,০০০/- (আটশত ছিয়াশি কোটি চৌদ্দ লক্ষ ছেষট্টি হাজার) টাকা প্রয়োজন।

১৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ শাহাদত হোসেন)
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫..১৩৯.০২০.০০.০০.০০২.২০১৮/৫০ তারিখঃ ০৮-০১-২০২০খ্রীঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০৮/০১/২০২০
(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। পরিচালক, ...
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, ন্যাশনাল ইলেক্ট্রো মেডিক্যাল ইকুইপমেন্ট মেইনটেনান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি)।
৮। ম্যানেজার, যানবাহন ও যন্ত্রপাতি সংরক্ষণ সংস্থা (টেমো), মহাখালী, ঢাকা।
৯। সিনিয়র সহকারী প্রধান, স্বাস্থ্য উইং, আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।